(৬) "নির্বাচনী এলাকা" অর্থ চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান বা ক্ষেত্রমত, মহিলা সদস্য পদে নির্বাচনের উদ্দেশ্যে সীমানা নির্ধারিত কোন এলাকা;

(৭) "নির্বাচিত প্রার্থী" অর্থ এমন একজন প্রার্থী যাহাকে আইনের ধারা ২১ এর অধীন চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান এবং সদস্য হিসাবে নির্বাচিত হইয়াছেন মর্মে ঘোষণা প্রদান করা হইয়াছে;

(৮) "পোলিং অফিসার" অর্থ একটি ভোটকেন্দ্রে ভোটগ্রহণের উদ্দেশ্যে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১১ এর অধীন নিয়োগকৃত কোন পোলিং অফিসার;

(৯) "পোলিং এজেন্ট" অর্থ কোন প্রার্থী কর্তৃক উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ২৮ এর অধীন নিয়োগকৃত পোলিং এজেন্ট;

(১০) "প্রতিদ্বন্দ্বী প্রার্থী" অর্থ এমন একজন প্রার্থী যিনি চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান অথবা মহিলা সদস্য হিসাবে নির্বাচিত হওয়ার জন্য বৈধভাবে মনোনীত হইয়াছে এবং যিনি তাহার প্রার্থিতা প্রত্যাহার করেন নাই;

(১১) "প্রার্থী" অর্থ এমন একজন ব্যক্তি যাহার নাম চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান অথবা মহিলা সদস্য হিসাবে নির্বাচনের জন্য প্রার্থী হিসাবে কোন ব্যক্তি;

(১২) "প্রিজাইডিং অফিসার" অর্থ কোন ভোটকেন্দ্রে ভোটগ্রহণের উদ্দেশ্যে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১১ এর অধীন নিয়োগকৃত প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালন ও ক্ষমতা প্রয়োগকারী কোন সহকারী প্রিজাইডিং অফিসারও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৩) "ফরম" অর্থ বিধিমালার সহিত সংযোজিত ফরম';

(১৪) "ভোটগ্রহণের তারিখ" অর্থ নির্বাচনের জন্য উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি ১৩ এর অধীন নির্ধারিত ভোটগ্রহণের তারিখ;

(১৫) "ভোটার তালিকা" অর্থ ভোটার তালিকা আইন, ২০০৯ (২০০৯ সনের ৬ নং আইন) এর ধারা-৭ এর অধীন প্রণীত ভোটার তালিকা;

(১৬) "সংরক্ষিত আসন" অর্থ আইনের ধারা ৬ এর উপ-ধারা (১) এর দফা (ঙ) তে বর্ণিত মহিলাদের জন্য সংরক্ষিত কাউন্সিলরের আসন;

(১৭) "উপজেলা" অর্থ আইনের ধারা ৩ এ সংজ্ঞায়িত উপজেলা।

৩। **ইভিএম এর মাধ্যমে ভোট গ্রহণ।**—চেয়ারম্যান অথবা ভাইস চেয়ারম্যান অথবা মহিলা সদস্য পদের নির্বাচনে গোপন ব্যালট বা, ক্ষেত্রমত, ইভিএম এর মাধ্যমে ভোট গ্রহণ করা যাইবে।

৪। **রিটার্নিং অফিসারের নিকট ইভিএম প্রেরণ।**—(১) নির্বাচনের ভোটগ্রহণের পূর্বে কমিশন হইতে রিটার্নিং অফিসারকে নির্বাচনী দ্রব্যাদি সরবরাহের প্রাক্কলে ইভিএম এর ব্যালট ইউনিটে উল্লিখিত নম্বর একটি রেজিস্টারে সংরক্ষণপূর্বক নিম্নবর্ণিত দ্রব্যাদি হস্তান্তর করা হইবে, যথা:—

(ক) নির্দিষ্ট সংখ্যক সিল করা ইভিএম;

(খ) নির্দিষ্ট সংখ্যক সিল করা স্মার্ট কার্ড ও মাস্টার কার্ড; এবং

(গ) ভোটার তালিকা।

২১। **ইভিএম বিকৃত বা নষ্ট করিবার শাস্তি।**—রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার, প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার বা নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনরত অন্য কোনো কর্মকর্তা বা কর্মচারী অথবা অন্য কোনো ব্যক্তি অন্যূন ৬ (ছয়) মাস ও অনধিক ৭ (সাত) বৎসরের কারাদণ্ড বা ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন, যদি তিনি—

(ক) কোন ইভিএম এর সিলমোহর ইচ্ছাকৃতভাবে বিকৃত বা বিনষ্ট করেন;

(খ) ভোটকেন্দ্র হইতে কোন ইভিএম বা উহার অংশ বা স্মার্ট কার্ড বা মাস্টার কার্ড ছিনাইয়া লইয়া যান, অথবা;

(গ) যথাযথ কর্তৃত্ব ব্যতীত—

(অ) কোনো ব্যক্তিকে ইভিএম এর মাধ্যমে ভোট প্রদানে সাহায্য করেন;

(আ) নির্বাচনের উদ্দেশ্যে ব্যবহৃত হইতেছে এইরূপ কোন কন্ট্রোল ইউনিট বা ব্যালট ইউনিট নষ্ট করেন, গ্রহণ করেন, খোলেন বা অন্য কোনোভাবে হস্তক্ষেপ করেন; বা

(ই) এই বিধিমালার বিধান অনুযায়ী কৃত কোনো সিল ভাঙ্গেন;

(ঘ) ভোট গ্রহণ সমাপ্ত হইবার পর অবিলম্বে অনুসরণীয় পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম আরম্ভ করিতে, পরিচালনা করিতে বা সমাপ্ত করিতে বিলম্ব ঘটান বা বাধার সৃষ্টি করেন;

(ঙ) ভোট পরিচালনাকারী কর্মকর্তাগণকে ইভিএম এর ভোট সংক্রান্ত অন্য কোনো বস্তু বা দলিলপত্র সমর্পণ করিতে বাধ্য করেন এবং এইরূপ কোনো কাজ করেন যাহা সুশৃঙ্খলভাবে ভোট গ্রহণ বা ভোট গণনা বা নির্বাচন সংক্রান্ত দলিলপত্র প্রস্তুতকরণ প্রক্রিয়াকে ব্যাহত করে;

(চ) ভোট পরিচালনাকারী কর্মকর্তাগণকে বিতাড়িত করিয়া ইভিএম এবং অন্যান্য দলিলপত্র বলপূর্বক দখল করেন এবং তাহার ইচ্ছানুযায়ী উহা অসৎভাবে ব্যবহার করেন;

(ছ) কেবল তাহার সমর্থক বা তাহার প্রার্থীর সমর্থকগণকে ইভিএম এর মাধ্যমে ভোট প্রদানে সাহায্য করেন এবং অন্য সকলকে ভোট প্রদান করা হইতে বিরত রাখেন।

২২। **ভোটের গোপনীয়তা রক্ষায় ব্যর্থতার শাস্তি।**—কোনো রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার, প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার, বা পোলিং অফিসার বা ভোটকেন্দ্রে উপস্থিত কোনো প্রার্থী, নির্বাচনী এজেন্ট বা পোলিং এজেন্ট বা ভোট গণনায় উপস্থিত কোনো ব্যক্তি অন্যূন ৬(ছয়) মাস ও অনধিক ৭ (সাত) বৎসর কারাদণ্ড বা ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকা অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডনীয় হইবেন, যদি তিনি—

(ক) ইভিএম এর মাধ্যমে গৃহীত ভোটের গোপনীয়তা রক্ষা করিতে বা রক্ষা করিবার জন্য সহায়তা করিতে ব্যর্থ হন;

(খ) কোন আইনানুগ উদ্দেশ্য ব্যতীত, ভোটগ্রহণ শেষ হইবার পূর্বে ইভিএম এর সিলমোহর সম্পর্কে কোনো তথ্য কোনো ব্যক্তিকে প্রদান করেন।

ফরম-ঙ-৩

[বিধি ১৭(ক) দ্রষ্টব্য]

**উপজেলার সংরক্ষিত মহিলা আসনের সদস্য পদে নির্বাচনের জন্য প্রিজাইডিং অফিসার কর্তৃক সরবরাহকৃত গণনার ফলাফলের একীভূত বিবরণী**

| | জেলা | | উপজেলা | | সংরক্ষিত আসন নং |
|---|---|---|---|---|---|

| ক্রমিক নম্বর | ভোটকেন্দ্রের নম্বর ও নাম | মোট ভোটার সংখ্যা | প্রতিদ্বন্দ্বী প্রার্থীর অনুকূলে প্রদত্ত বৈধ ভোটের সংখ্যা | | | | | | প্রত্যেক ভোটকেন্দ্রের মোট ভোটের সংখ্যা | | | প্রদত্ত ভোটের শতকরা হার |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ক * | খ * | গ * | ঘ * | ঙ * | চ * | বৈধ | Blank | মোট | |
| ১ | ২ | ৩ | ৪(ক) | ৪(খ) | ৪(গ) | ৪(ঘ) | ৪(ঙ) | ৪(চ) | ৫ | ৬ | ৭ | ৮ |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | |
| সর্বমোট | | | | | | | | | | | | |

এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, জনাব/বেগম ____________________

পিতা/স্বামী ____________________

ঠিকানা ____________________

__________ উপজেলা ______ নম্বর সংরক্ষিত মহিলা আসনের সদস্য পদে যথাযথভাবে নির্বাচিত হইয়াছেন

স্থান ঃ ____________________

তারিখ ঃ ______ দিন ______ মাস ______ বৎসর

রিটার্নিং অফিসারের স্বাক্ষর ও সীল

**প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্টের নাম ও স্বাক্ষর**

| প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্টের নাম | নির্বাচনী প্রতীক | প্রতিদ্বন্দ্বী প্রার্থী/নির্বাচনী এজেন্টের স্বাক্ষর |
|---|---|---|
| | | |

* প্রার্থীর নাম ও প্রতীক

